



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : ১/কনি-৩য় খন্ড(৪র্থ)/১৪২

তারিখ : ১৭/০১/২০২৪খ্রি.

বিজ্ঞপ্তি


বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে ভর্তির সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে, ছাড়পত্রের (ইটিসি) মাধ্যমে এক কলেজ থেকে অন্য কলেজে ভর্তির অনুমতির জন্য আবেদনের সময়সীমা ১৭/০১/২০২৪ খ্রি. তারিখ থেকে ২৩/০১/২০২৪ খ্রি.তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এই সময়ের মধ্যে শিক্ষার্থীর অনলাইন আবেদনের ভিত্তিতে ১ম প্রতিষ্ঠান অনলাইনে স্বাক্ষর/সাইন করলে ২য় প্রতিষ্ঠান/ভর্তিচ্ছু প্রতিষ্ঠান অনলাইনে সাইন/স্বাক্ষর করবে। অতঃপর সোনালী সেবার ১১০০/- (এক হাজার একশত) টাকার পে-ট্রিপ তৈরী হবে (অটো জেনারেটেড)। উক্ত পে-ট্রিপ এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ০৫ (পাঁচ) দিনের মধ্যে নির্ধারিত ফিস জমা দিতে হবে, অন্যথায় আবেদনটি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, আন্তঃবোর্ড বদলীর ক্ষেত্রে (বিটিসি) প্রয়োজনীয় ফি সহ নির্ধারিত ফরমে আবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্র উচ্চ মাধ্যমিক নিবন্ধন শাখায় জমা দিতে হবে

বি.দ্র:

- শিক্ষার্থীর অনলাইন আবেদনের ভিত্তিতে নিজ নিজ প্রতিষ্ঠান টিসি অপসন (www.rajshahieducationboard.gov.bd) এ log in করে user id এবং password ব্যবহার করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর পক্ষে sign করবে; অনুরূপভাবে ভর্তিচ্ছু প্রতিষ্ঠান নির্ধারিত GPA এবং আসন ফাঁকা থাকা সাপেক্ষে sign করবে।
- ছাড়পত্র প্রদানের অনুমতি পাওয়ার পর বর্তমান কলেজ থেকে ছাড়পত্র গ্রহণ করে ১৫ দিনের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ছাড়পত্র প্রদানকালে কলেজে জমাকৃত মূল প্রমাণাদি ফেরত প্রদান করতে হবে এবং ভর্তি গ্রহণকারী কলেজকে শিক্ষার্থীর নিকট থেকে মূল কাগজপত্র/প্রমাণাদি নিজ হেফাজতে সংরক্ষণ করতে হবে।
- ছাড়পত্র প্রদানকারী কলেজ যে মাসে ছাড়পত্র প্রদান করবে সেই মাস পর্যন্ত বেতনাদি গ্রহণ করবে এবং ভর্তি গ্রহণকারী কলেজ পূর্বের কলেজে যে পর্যন্ত বেতন পরিশোধ আছে তার পরবর্তী মাস থেকে বেতনাদি গ্রহণ করবে।

চেয়ারম্যানের আদেশক্রমে


১৭.০১.২৪

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক:

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।


স্মারক নম্বর : ১/কনি-৩য় খন্ড(৪র্থ)/১৪২(২)

তারিখ : ১৭/০১/২০২৪খ্রি.

অনুলিপিঅবগতি ও কার্যার্থে:

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ:দা:) শিক্ষা বোর্ড, রাজশাহী (ওয়েবসাইট খুলে দেয়ার অনুরোধসহ)।

২। অফিসনথি


উপ-কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।